

সি পি আই (এম) ত্রিপুরা রাজ্য সম্পাদকমন্ডলীর
পক্ষ থেকে নিম্নলিখিত বিবৃতি দেয়া হয়েছে :


তারিখ- ৫ ডিসেম্বর, ২০১৮

গত রাতে এবং আজ সারা দিন ধরে বিজেপি'র আশ্রিত দুর্বৃত্তরা মেলাঘর এবং উদয়পুর পুর সভার উপনির্বাচনে যে সমস্ত সি পি আই (এম) প্রার্থী ভয়ভীতি-সন্ত্রাস উপেক্ষা করে মনোনয়নপত্র জমা দিয়েছেন সেগুলো প্রত্যাহার করার জন্য ব্যাপক হিংসাত্মক আক্রমণ চালাচ্ছে।

গত রাতে মেলাঘরে ১৩ নম্বর ওয়ার্ডের সি পি আই (এম) প্রার্থী হরিধন দাসের বাড়িতে বিজেপি'র দুর্বৃত্তরা আক্রমণ চালিয়ে ঘরের তিনটি রুমের সমস্ত জিনিষপত্র ভেঙে তছনছ করে। এর পর দুর্বৃত্তরা লালমিয়া চৌমুহনীতে গিয়ে প্রার্থীর মুরগির দোকানে আগুন ধরিয়ে দেয়। গত রাত ১ টা নাগাদ বিজেপি'র দুর্বৃত্তরা ৭ নম্বর ওয়ার্ডের সি পি আই (এম) প্রার্থী জাহাঙ্গির হোসেনের বাড়িতে বোমা বিস্ফোরণ ঘটায়। দুর্বৃত্তরা ১০ নম্বর ওয়ার্ডের সি পি আই (এম) প্রার্থী শিবব্রত বর্মনের বাড়ি আক্রমণ করে। বিজেপি'র দুর্বৃত্তরা ৭ নম্বর ওয়ার্ডের সি পি আই (এম) প্রার্থীর প্রস্তাবক আব্দুল রহিমের বাড়ির সমস্ত জিনিষপত্র ভাঙচুর করে। এখনও হামলা এবং সন্ত্রাস অব্যাহত রয়েছে। সমস্ত আক্রমণের ঘটনা সি পি আই (এম) সোনামুড়া মহকুমা কমিটির পক্ষ থেকে রাজ্য পুলিশের মহানির্দেশককে লিখিতভাবে জানানো হয়েছে।

গত রাত থেকে উদয়পুরে সি পি আই (এম) প্রার্থীদের বাড়ি বাড়ি বিজেপি'র দুর্বৃত্তরা হামলা করছে এবং প্রার্থীপদ প্রত্যাহার না করলে চরম পরিণতির হুমকি দিচ্ছে। গত রাত ১১টা নাগাদ সি পি আই (এম) অঞ্চল কমিটির সদস্য রঞ্জিৎ নাগের বাড়িতে বিজেপি দুর্বৃত্তরা হামলা করে ঘর ভাঙচুর করে। আজ সি পি আই (এম)-এর একজন প্রার্থীর প্রস্তাবক একটি বেসরকারি স্কুলের শিক্ষক লিটন পালকে বিজেপি দুর্বৃত্তরা স্কুল থেকে জোর করে বের করে বিজেপি অফিসে নিয়ে গিয়ে মারপিট করে।

সি পি আই (এম) রাজ্য সম্পাদকমন্ডলী শাসক দল বিজেপি'র দুর্বৃত্তদের হিংসাত্মক আক্রমণের তীব্র নিন্দা এবং প্রতিবাদ করছে। রাজ্য নির্বাচন কমিশন এবং রাজ্য পুলিশ কর্তৃপক্ষকে আক্রমণকারী দুর্বৃত্তদের অবিলম্বে গ্রেপ্তারে ব্যবস্থা নিতে এবং বামফ্রন্ট এবং সি পি আই (এম) প্রার্থীদের বাড়িতে পর্যাপ্ত নিরাপত্তার ব্যবস্থা করতে দাবি জানাচ্ছে।


সি পি আই (এম)

রাজ্য দপ্তরের পক্ষে

প্রতি

বার্তা সম্পাদক/সংবাদ প্রতিনিধি

, আগরতলা

বিবৃতিটি প্রচার/প্রকাশের জন্য পাঠানো হলো।